

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 21-11-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন যে আদিবাসী সম্প্রদায়ের উন্নয়ন এবং জাতির উন্নয়ন একে অপরের পরিপূরক। গতকাল ছত্রিশগড়ের অন্তিকাপুর শহরে জনজাতি গোরব দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে রাষ্ট্রপতি বলেন, আদিবাসী সম্প্রদায়ের অবদান ভারতের ইতিহাসে এক গোরবোজ্জ্বল অধ্যায়। তিনি বলেন, আদিবাসী সংস্কৃতি আমাদের গ্রন্থিহ ও পরিচয় বহন করে। একে সংরক্ষণ করা সবার কর্তব্য বলেও রাষ্ট্রপতি উল্লেখ করেন।

\*\*\*\*\*

**ICAR :**

টিলাজমিতে কৃষিফলন নিয়ে আগরতলার প্রজ্ঞানবনে দুদিনের আন্তর্জাতিক সম্মেলন আজ শেষ হচ্ছে। মাত্র দেশের কৃষি বিজ্ঞানী, কৃষিকর্মকর্তা ও রাজ্যের ২৫০ জন কৃষক সম্মেলনে অংশ নিয়েছেন। গতকাল সম্মেলনের উদ্বোধন করেন বনমন্ত্রী অনিমেষ দেববর্মা। দি পারস্যট ফর সাসটেইনেবল হিল ফার্মিং, ইনোভেশানস ফর প্রফিটাবিলিটি এন্ড ইকোলজিকেল ব্যালেন্স টু এনসিয়োর ফিউচার লাইভলিহ্বড-পাসেল ২০২৫ শীর্ষক এই সম্মেলনে বনমন্ত্রী বলেন, টিলাজমিতে চাষাবাদ উত্তর পূর্বাঞ্চলের একটি চিরচরিত প্রথা। কিন্তু জলবায়ু পরিবর্তনের কারণে এই চাষাবাদেও প্রভাব পড়ছে। তিনি বনস্তুজনের উপর

গুরুত্ব আরোপ করে বলেন চলতি বছরে সাড়ে ছয় লক্ষ গাছের চারা রোপন করা হয়েছে।

অনুষ্ঠানে বিধায়ক জিতেন্দ্র মজুমদার সহ বিশিষ্ট জনেরা অংশগ্রহণ করেন। কয়েকজন দিকপাল কৃষি গবেষক ও কৃষি বিজ্ঞানীকে সংবর্ধনাও জানানো হয়।

\*\*\*\*\*

### **Pradhanmantri Vikshit Bharat Rojgar Yojana :**

কর্মচারী ভবিষ্যন্তি সংস্থা, আগরতলা শাখার উদ্যোগে গতকাল আগরতলায় প্রধানমন্ত্রী বিকশিত ভারত রোজগার যোজনা এবং কর্মচারী তালিকাভুক্তি প্রকল্প বিষয়ে মতবিনিময় সভার আয়োজন করা হয়। উপস্থিতি ছিলেন কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রকের পরিসংখ্যান দপ্তরের মহানির্দেশক পি সঙ্গীত কুমার। তিনি বলেন, ৯৯ হাজার ৪৪৬ কোটি টাকার এই যোজনার উদ্দেশ্য হলো দেশে ২ বছরের মধ্যে সাড়ে তিন কোটির বেশি কর্মসংস্থান সৃষ্টি করা। সভায় রাজ্য শ্রম ও কর্মসংস্থান দপ্তরের যুগ্ম অধিকর্তা বিনয় ভূষণ দাস, কর্মচারী ভবিষ্যন্তি সংস্থা, আগরতলা শাখার পি এফ কমিশনার লিও জোসেফ মারান্ডি উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

### **CCA :**

দেশব্যাপী পেনশনারদের ডিজিটাল লাইফ সার্টিফিকেট প্রক্রিয়ায় চতুর্থ পর্যায়ের প্রচারিভিযানের অঙ্গ হিসাবে গতকাল আগরতলা বিএসএনএল প্রধান কার্যালয়ে এক সচেতনতামূলক শিবির অনুষ্ঠিত হয়। কন্ট্রোলার অফ কমিউনিকেশন একাউন্টস (সি সি এ) নর্থ ইস্ট ওয়ান টেলিকম সার্কেলের উদ্যোগে ও বিএসএনএল এর সহযোগিতায় এই সচেতনতামূলক শিবির আয়োজিত হয়।

উল্লেখ্য, এ বছর প্রিপুরা সহ সারা দেশে বিভিন্ন রাজ্যের ১৭১টি শহরে ৩২০টিরও বেশি ক্যাম্প আয়োজনের পরিকল্পনা নেওয়া হয়েছে।

\*\*\*\*\*

### **Growth in Foodgrains**

কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন, দেশে মোট খাদ্যশস্য উৎপাদনে রেকর্ড আট শতাংশ বৃদ্ধি পেয়েছে। নয়াদিল্লিতে গতকাল ২০২৪-২৫ অর্থ বছরের জন্য ফসল উৎপাদনের চূড়ান্ত অনুমান প্রকাশের পর শ্রী চৌহান এই কথা বলেন। গত ১০ বছরে ভারতে মোট খাদ্যশস্য উৎপাদন ১০৬ মিলিয়ন টনেরও বেশি বৃদ্ধি পেয়েছে বলে তিনি জানান তিনি বলেন, দেশে চাল উৎপাদন এক হাজার ৫০১ লক্ষ টনের রেকর্ড স্তরে পৌঁছেছে, যা গত বছরের এক হাজার ৩৭৮ লক্ষ টনের চেয়ে বেশি। গমও গত বছরের এক হাজার ১৩২ লক্ষ টনের তুলনায় ৪৬.৫৩ লক্ষ টনের রেকর্ড বৃদ্ধি পেয়েছে।

\*\*\*\*\*

### **Red Fort Blast-Four More arrest**

জাতীয় তদন্তকারী সংস্থা (এনআইএ) দিল্লির লাল কেল্লা এলাকাতে সন্ত্রাসী হামলার ঘটনায় জড়িত আরও চারজনকে গ্রেপ্তার করেছে। এক বিবৃতিতে, এনআইএ জানিয়েছে জেলা দায়রা বিচারপতি, পাতিয়ালা হাউস আদালতের প্রোডাকশন অর্ডারে জম্মু ও কাশ্মীরের শ্রীনগরের এই চার অভিযুক্তকে তাদের হেফাজতে নিয়েছে। সংস্থাটি আরও জানিয়েছে এই মামলায় মোট ছয় জনকে গ্রেপ্তার করা হয়েছে মামলার সম্পূর্ণ সন্ত্রাসী ষড়যন্ত্র উন্মোচনে পূর্বে গ্রেপ্তার হওয়া অভিযুক্তদের জিজ্ঞাসাবাদ অব্যাহত রয়েছে। হামলার পরপরই স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক তদন্তের দায়িত্ব দেওয়া সন্ত্রাসবিরোধী সংস্থাটি এই হত্যাকাণ্ডে জড়িত

সন্ত্রাসী মডিউলের প্রতিটি সদস্যকে খুঁজে বের করতে এবং প্রেস্টার করতে বিভিন্ন রাজ্য পুলিশ বাহিনীর সাথে নিবিড়ভাবে কাজ করছে।

\*\*\*\*\*

### **Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে নভেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন কি বাত' অনুষ্ঠানে দেশ ও বিদেশের মানুষের সাথে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি "মন কি বাতে"র ১২৮তম পর্ব হবে। এই অনুষ্ঠানের জন্য জনগণ তাদের ধারণা এবং পরামর্শ ১৮০০-১১-৭৮০০ টেলফোন নম্বরের মাধ্যমে জানাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাইগভ ওপেন ফোরামের মাধ্যমে অনলাইনেও মতামত জানানো যাবে। এছাড়াও ১৯২২ নম্বরে মিসড কল দিয়ে, প্রাপ্ত লিঙ্কে সরাসরি পরামর্শ জানাতে পারেন। আসন্ন পর্বের জন্য পরামর্শ এই মাসের ২৮ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে।

\*\*\*\*\*

### **NF Railway accident:**

লংতরাইভ্যালির সিঙ্গুরুমারপাড়ায় গতকালের দুর্ঘটনা নিয়ে এন এফ রেলওয়ের পক্ষ থেকে নাগরিকদের সতর্ক করে বলা হয়েছে, যে পথে ধরে ছোট লরিটি রেল লাইন অতিক্রম করছিল তা অবৈধ। রেল লাইনের উপর দিয়ে এধরনের চলাচলে অনুমোদন দেওয়া হয় না। এন এফ রেলওয়ের পক্ষ থেকে মুখ্যজনসংযোগ আধিকারীক কপিঙ্গল কিশোর শর্মা এক বিবৃতিতে জানিয়েছেন, জনসাধারনকে, এই অবৈধ পথ ব্যবহার করা থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা হয়েছে। এই ধরনের অবৈধ পথে চলাচল শুধু বেআইনি নয় তা বিপজ্জনক ও মূল্যবান জীবনের ঝুঁকি নিয়ে আসে। ভারতীয় রেলওয়ে আইন অনুযায়ী তা আইনত অপরাধ বলে উল্লেখ করা হয়েছে।

\*\*\*\*\*

## **Weather :**

আজ আকাশ প্রধানত পরিষ্কার থাকবে। সকালে হালকা থেকে মাঝারি কুয়াশা ছিল। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৭.৩ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*